ঢাকা ওয়াসা

বিষয়ঃ ঢাকা ওয়াসার মুরাদপুর, মৃধাবাড়ি, উত্তর রায়েরবাগ, ইস্টান হাউজিং, শাহজালাল রোড, দেওয়ানপাড়া-১, কাওলা-১, শেওড়াপাড়া-৩ পাম্প হাউজের বায়োমেট্রিক ডিভাইসের Adapter এবং Base ক্রয় ও সার্ভিস চার্জ প্রদানের জন্য অস্থায়ী অগ্রিম অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার ০৮/১২/২০২৪ইং তারিখের ৪৬.১১৩.২০৮.০০.১৩.০০৩.২০২৪-৪২৯৪ স্মারকে প্রকাশিত অফিস আদেশের (সংযুক্তিঃ ১) মাধ্যমে ঢাকা ওয়াসার বিভিন্ন অফিস/বিভাগ/জোন/প্রকল্পে কর্মরত নিয়মিত/চুক্তিভিত্তিক/কাজ নাই মজুরী নাই/আউটসোর্সিং ভিত্তিতে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কর্মস্থলে সকাল ৯:০০ টার মধ্যে আবিশ্যিকভাবে হাজিরা প্রদান এবং এর ভিত্তিতে বেতন ও অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা করার কথা বলা হয়েছে। কিন্তু বায়োমেট্রিক ডিভাইস রক্ষণাবেক্ষণের অভাবে কিছু বায়োমেট্রিক ডিভাইস বিকল হয়ে যাওয়ার কারণে সকল অফিস/বিভাগ/জোন/প্রকল্প হতে চাহিদা মোতাবেক হাজিরা সংগ্রহ করা যাচ্ছে না।

ঢাকা ওয়াসার মুরাদপুর, মৃধাবাড়ি, উত্তর রায়েরবাগ, ইস্টান হাউজিং, শাহজালাল রোড, দেওয়ানপাড়া-১, কাওলা-১, শেওড়াপাড়া-৩ পাম্প হাউজের বায়োমেট্রিক ডিভাইসের Adapter এবং Base ক্রয় ও সার্ভিস করা প্রয়োজন। এ ব্যাপারে বায়োমেট্রিক ডিভাইস প্রদানকারী কোম্পানি Intelligent Technology এর সাথে যোগাযোগ করা হলে তারা Adapter এবং Base ক্রয় ও সার্ভিস চার্জ বাবদ ২৪,৯২৬ /- (চব্বিশ হাজার নয়শত ছাব্বিশ টাকা মাত্র) এর একটি কোটেশন প্রদান করে (সংযুক্তিঃ ২)।

উপরে বর্ণিত চাহিদা পূরণের লক্ষ্যে নিম্নের ছকে তার বিবরণ উল্লেখ করা হলঃ

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	বিবরণ	পরিমাণ	আনুমানিক মূল্য (টাকা)
০১	Intelligent Technology	Replacement Fingerprint Sensor and Service Charge	০১ টি	২৪,৯২৬ /-
		মোট =		২৪,৯২৬ /-

অনুচ্ছেদঃ ১.২

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার মুরাদপুর, মৃধাবাড়ি, উত্তর রায়েরবাগ, ইস্টান হাউজিং, শাহজালাল রোড, দেওয়ানপাড়া-১, কাওলা-১, শেওড়াপাড়া-৩ পাম্প হাউজের বায়োমেট্রিক ডিভাইসের Replacement Fingerprint Sensor এবং Base ক্রয় ও সার্ভিস চার্জ বাবদ ২৪,৯২৬ /- (চব্বিশ হাজার নয়শত ছাব্বিশ টাকা মাত্র) এর বিলটি প্রদানের লক্ষ্যে পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) ২৪,৯২৬ /- (চব্বিশ হাজার নয়শত ছাব্বিশ টাকা মাত্র) টাকার অস্থায়ী অগ্রীম উপস্থাপন করা হল। উক্ত ব্যয় এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের "কম্পিউটার ক্রয়" খাত (APP Serial No: D-10, G-10) হতে সমন্বয় করার অনুমোদন দেওয়া যেতে পারে।

Md. Sakib Muhtadee
Assistant Programmer
MIS & Billing Department
Dhaka WASA

মোঃ আরিফ উজ জামান
প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

Engr. Arpita Saha
System Analyst
MIS & Billing Department
Dhaka WASA.

মোঃ ইলিয়াস উদ্দিন মাহমুদ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

১.২ প্রস্তাব অনুমোদিত।

23/04/26

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা